



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা

www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ. শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২২৪

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন জি.ফুলবাড়ী দরগাহ শরীফ আলিম মাদ্রাসার অনুমোদিত গভার্ণিং বডি'র দাতা সদস্য পদ বাতিল প্রসঙ্গে।

সূত্র: ১) বামাশিবো এর স্মারক নং- বামাশিবো/প্রশা/৩৩০২২১১৮৮৭৮১/৬৩২৩৭/নথি নং- ১৩০; তাং ২০/০৬/২০২২ খ্রিঃ

২) জেলা প্রশাসক, সাতক্ষীরা এর স্মারক নং- ০৫.৪৪.৮৭০০.০২৩.০১.০০২.১৯.১৫২-২৮১; তাং ২৪/০৪/২০২৩

৩) বামাশিবো এর স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২২৩; তাং ২০/০৯/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন জি.ফুলবাড়ী দরগাহ শরীফ আলিম মাদ্রাসার গভার্ণিং বডি সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদন দেয়া হয়। অনুমোদিত গভার্ণিং বডি'র দাতা সদস্য জনাব মোঃ হাবিবুর রহমান কে বিধি মোতাবেক নির্বাচিত করা হয়নি মর্মে জনাব এ,এফ,এম রেজাউল হাসান খান অত্র বোর্ডে ও জেলা প্রশাসক, সাতক্ষীরা বরাবর অভিযোগ দায়ের করেন। জেলা প্রশাসক অভিযোগকারীর অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন সূত্রোক্ত ২নং স্মারকে অত্র বোর্ডে দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ২ এর দফা (ছ)(আ) অনুযায়ী দাতা সদস্য নির্বাচিত হতে হলে, বিদ্যমান কমিটির মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ ১৮০ দিন পূর্বে উক্ত প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে নগদ অথবা চেকের মাধ্যমে এককালীন ২০,০০০/- (বিশ হাজার) টাকা দান করার বিধান থাকলেও দাতা সদস্য জনাব মোঃ হাবিবুর রহমান-এর টাকা জমা দানের যথাযথ বিধি অনুসরণ করা হয়নি এবং টাকা জমা দানের কোন রশিদ পাওয়া যায়নি। জেলা প্রশাসকের তদন্ত প্রতিবেদনে অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত হওয়ায় অনুমোদিত গভার্ণিং বডি'র দাতা সদস্য পদ কেন বাতিল করা হবে না তার জবাব ১০ কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য ৩নং স্মারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে মাদ্রাসার অধ্যক্ষ যে লিখিত জবাব দাখিল করেছেন তা সন্তোষজনক নয়।

এমতাবস্থায়, অনুমোদিত গভার্ণিং বডি'র দাতা সদস্য জনাব মোঃ হাবিবুর রহমান বিধি মোতাবেক নির্বাচিত না হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ৩৮(১) এর ক্ষমতাবলে উক্ত মাদ্রাসার দাতা সদস্যপদ এতদ্বারা বাতিল করা হলো যা সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

১২-১২-২০২৩

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার (02-

58616681)

chairman@bmeb.gov.bd

অধ্যক্ষ, জি. ফুলবাড়ী দরগাহ শরীফ আলিম মাদ্রাসা, সদর, সাতক্ষীরা।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২২৪/১(৭)

২৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১২ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা;
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, সাতক্ষীরা;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সাতক্ষীরা সদর;
- ৫। সভাপতি/সদস্যবৃন্দ, গভার্ণিং বডি, জি.ফুলবাড়ী দরগাহ শরীফ আলিম মাদ্রাসা, সদর, সাতক্ষীরা;
- ৬। জনাব মোঃ হাবিবুর রহমান, দাতা সদস্য (অদ্য বাতিলকৃত), গভার্ণিং বডি, জি. ফুলবাড়ী দরগাহ শরীফ আলিম মাদ্রাসা, সদর, সাতক্ষীরা এবং
- ৭। পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



১২-১২-২০২৩
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার